16

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 24 1999
পৃঃ ৩ কলাম ১

## আযিযুল হক কলেজে শিক্ষকের বহু পদ শূন্য ॥ শিক্ষাদান ব্যাহত

বগুড়া সংবাদদাতা ॥ বগুড়া সরকারী আযিযুল হক কলেজে বহুসংখ্যক শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। প্রায় ৩০টি পদ সৃষ্টি করা হয় নাই। বিপুল সংখ্যক শিক্ষকের পদ, শূন্য থাকায় কলেজের শিক্ষাদান কর্মসূচী বিঘ্নিত হইতেছে। বগুড়া সরকারী আযিযুল হক কলেজ দেশের অন্যতম শীর্ষস্থানীয় একটি শিক্ষা প্রতিষ্ঠান। বর্তমানে এই কলেজটিতে উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী পাস কোর্সসহ ১৮টি

(৯ম পৃঃ দ্রঃ)

## আযিজুল হক কলেজে

(৩য় পৃঃ পর)

বিষয়ে অনার্স কোর্সে এবং ১৭টি বিষয়ে মাষ্টার্স কোর্সে পাঠদান কার্যক্রম চালু আছে। কলেজটিতে ২০৪ জন শিক্ষক প্রয়োজন। বর্তমানে শিক্ষকের ১৭৫টি পদ সৃষ্টি করা হইয়াছে। ইহার মধ্যে ৩৮টি পদ শূন্য। ইহাছাড়া এবারও ২৯টি পদ সৃষ্টি করিতে হইবে। এই লইয়া মোট ৬৭টি পদ শূন্য রহিয়াছে। বিপুল সংখ্যক শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষাদান কার্যক্রম বিঘ্নিত হইতেছে। কলেজে বর্তমানে ছাত্র সংখ্যা সাড়ে ১৫ হাজার।